

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
উপদেষ্টার দপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

তারিখঃ ৩রা ভাদ্র (১৮ আগস্ট)

বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের বরিশাল বিভাগের পরিচালকের মৃত্যুতে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টার শোক।

মৎস্য অধিদপ্তরের বরিশাল বিভাগের পরিচালক আলফাজ উদ্দীন শেখ এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার।

আলফাজ উদ্দীন শেখ আজ বিকালে বরিশালের রাহাত আনোয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বছর ৫ মাস ১৭ দিন।

আজ এক শোকবার্তায় উপদেষ্টা বলেন, আলফাজ উদ্দীন শেখ ছিলেন একজন সৎ, দক্ষ ও নিবেদিতপ্রাণ কর্মকর্তা। দেশের মৎস্যসম্পদ উন্নয়ন, সম্প্রসারণ এবং টেকসই ব্যবস্থাপনায় তার অবদান স্মরণীয় হয়ে থাকবে। তার মৃত্যুতে মৎস্য খাত এক যোগ্য, অভিজ্ঞ ও কর্মনিষ্ঠ কর্মকর্তাকে হারালো।

উপদেষ্টা মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, আলফাজ উদ্দীন শেখ ১৯৯৮ সালের ২২ ফেব্রুয়ারি ১৭তম বিসিএস (মৎস্য) ক্যাডারের মাধ্যমে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

স্বাক্ষরিত/  
(মোঃ মামুন হাসান)  
সিনিয়র তথ্য অফিসার  
(তথ্য ও জনসংযোগ কর্মকর্তা)  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা